

# ঢাবির ৮ অনুষদে ডিন, ১১ হলে প্রভোস্ট নিয়োগ

ঢাকা বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

০৩ সেপ্টেম্বর, ২০২৪  
২১:৪০

শেয়ার

অ +

অ -



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯টি অনুষদে ভারপ্রাপ্ত ডিন ও ১১টি আবাসিক হলে প্রভোস্ট নিয়োগ দেওয়া হয়েছে। মঙ্গলবার (৩ আগস্ট) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান এই নিয়োগ দেন।

প্রশাসনিক ভবনের সূত্র থেকে জানা যায়, ৯টি অনুষদের ডিনদের আগামী ৯০ দিন অথবা পরবর্তী নির্বাচিত ডিন কাজে যোগদান না করা পর্যন্ত নিয়োগ দেওয়া হয়েছে। নিয়োগপ্রাপ্ত ডিনরা হলেন কলা অনুষদের অধ্যাপক ড. মোহাম্মদ

ছদ্দিকুর রহমান খান, বিজ্ঞান অনুষদের অধ্যাপক ড. আবদুস সালাম, আইন অনুষদের অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ, বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, জীববিজ্ঞান অনুষদের অধ্যাপক ড. মামুন আহমেদ, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ অধ্যাপক ড. উপমা কবির ডিন, চারুকলা অনুষদের অধ্যাপক ড. আজহারুল ইসলাম শেখ।

অন্যদিকে নিয়োগপ্রাপ্ত ১১টি হলের প্রভোস্টদের মধ্যে রয়েছেন হাজী মুহম্মদ মুহসীন হলের প্রভোস্ট জিনপ্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের ড. মোহাম্মদ নাজমুল আহসান, সলিমুল্লাহ মুসলিম হলের প্রভোস্ট জাপানিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. আল্লাহ-আল-মামুন, কবি সুফিয়া কামাল হলের প্রভোস্ট গণিত বিভাগের অধ্যাপক ড. ছালমা নাছরীন, বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের প্রভোস্ট সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মাহবুবা সুলতানা, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের প্রভোস্ট মার্কেটিং বিভাগের ড. মোহাম্মদ নাজমুল হোসাইন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. শামছুল আলম, শামসুন্নাহার হলের প্রভোস্ট স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের অধ্যাপক ড. নাসরিন সুলতানা, রোকেয়া হলের প্রভোস্ট রসায়ন বিভাগের অধ্যাপক ড. হোসেনয়ারা বেগম, শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রভোস্ট ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক মো. ফারুক শাহ, জগন্নাথ হলের প্রভোস্ট মৃৎশিল্প বিভাগের সহযোগী অধ্যাপক মি. দেবাশীষ পাল, বিজয় একাডেমি হলের প্রভোস্ট রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. স ম আলী রেজা।

প্রভোস্টদের চারটি শর্তে নিয়োগ দেওয়া হয়েছে। সেগুলো হলো ক্যাম্পাসে সার্বক্ষণিক অবস্থান, বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হওয়া, নিয়োগ তাৎক্ষণিকভাবে কার্যকর ও বিশ্ববিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে যেকোনো সময়ে এ নিয়োগ বাতিল।